গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

স্মারক নং: ৩৩.০২.০০০০.৩০৬.৬৯.০০১.১৪- ০২ তারিখ: ০১/০১/২০২৩খ্রি.

বিষয়ঃ **উপপরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল-এর ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন (২য় ত্রৈমাসিক) প্রতিবেদন।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গত ১৫ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় সম্মেলন কক্ষ, মৎস্য প্রশিক্ষন কেন্দ্র, মৎস্যবীজ উৎপাদন খামার, কাশিপুর, বরিশাল-এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অধস্তন দপ্তরগুলোর সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ থাকতে হবে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করার ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ফরম্যাট অনুসরণ করতে হবে। 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে ভিশন (Vission) ও মিশন (Mission)- এর আগে কোন প্রারম্ভিক বক্তব্য হবে না। মৎস্য অধিদপ্তর-এর সদর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি-তে উল্লিখিত 'ভিশন ও মিশন'-এর আলোকে সকল দপ্তরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' যথাযথভাবে হালনাগাদ করতে হবে। ওয়েভ-পোর্টালে প্রকাশিত 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-র ক্ষেত্রে হেডার-এ ডানপাশে কর্নারে 'ওয়েবসাইটে প্রদর্শনের জন্য' লেখা থাকবে এবং হালনাগাদের সময় উল্লেখ করতে হবে (যেমন- ২য় ত্রৈমাসিক, তারিখ-........)। 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে শুধুমাত্র সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সমূহ অন্তর্ভূক্ত থাকবে। সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীন সেবাসমূহের প্রয়োজনীয় পুনর্বিন্যাস এবং নাম সংশোধন করতে হবে। এ ক্ষেত্রে মৎস্য অধিদপ্তরের 'সেবা প্রদান প্রতিশ্রুতি' অনুসরণ করতে হবে। সেবা প্রদান প্রতিশ্রুতির "অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা" অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী উল্লেখ সহ নিস্পত্তির সময়সীমা কার্যদিবসে উল্লেখ থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে অধস্তন দপ্তরগুলোকে পর্যালোচনা করে দেখা যায় যে, সকল দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করেছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রস্তুত করার ক্ষেত্রে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ফরম্যাট অনুসরণ করেছে। অধস্তন দপ্তরগুলোকে পর্যালোচনা করে দেখা গেছে যে সেবা প্রদান প্রতিশ্রুতি-তে ভিশন ও মিশন এর আগে কোন প্রারম্বিক বক্তব্য রাখা হয়নি। এছাড়াও মৎস্য অধিদপ্তর-এর সদর দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত ভিশন ও মিশন' এর আলোকে সকল দপ্তরের 'সেবাপ্রদান প্রতিশ্রুতি" যথাযথভাবে হালনাগাদ করেছে। সেবা প্রদান প্রতিশ্রুতি-তে কেবল আওতাধীন দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সমূহ অন্তর্ভূক্ত করা হয়েছে। সেবা প্রদান প্রতিশ্রুতি-তে "অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা" অংশে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী উল্লেখ সহ নিস্পত্তির সময়সীমা কার্যদিবসে উল্লেখ করেছে। তাই এক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে মর্মে প্রতিবেদন প্রেরণ করা হল।

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ।
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

(আনিছুর রহমান তালুকদার)
উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।
ফোনঃ ০২৪৭৮৮৬১৩২৬
ই-মেইলঃ ddbarisal@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.৩০৬.৬৯.০০১.১৪- ০২/১(৪৮) তারিখ- তারিখ: ০১/০১/২০২৩খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ
১। জেলা মৎস্য কর্মকর্তা (সকল)
২। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল)

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি কর্তৃক ২১/১২/২০২২খ্রি. তারিখে উপপরিচালকের কার্যালয়, বরিশাল বিভাগ, বরিশাল এর ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার এবং মাঠ পর্যায়ের জেলা দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ ও পর্যালোচনা করা হয়। পর্যালোচনার আলোকে প্রতিবেদন নিম্নরূপ:

<u>পরিবীক্ষণ কমিটি কর্তৃক পরিবীক্ষণকৃত বিষয়সমূহ:</u>

০১। উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল ওয়েব সাইটে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ করে দেখা যায় যে, বরিশাল বিভাগের ওয়েব সাইটে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ফরম্যাট অনুসরণ করা হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে ভিশন মিশন এর আগে কোন প্রারম্ভিক বক্তব্য লেখা নেই। এছাড়াও ওয়েব পোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির ক্ষেত্রে হেডার-এ ডানপাশে কর্নারে 'ওয়েবসাইটে প্রদর্শনের জন্য' কথাটি লেখা রয়েছে।

২। জেলা দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ করে দেখা যায় যে, জেলা দপ্তর সমূহের ওয়েবসাইটে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদের ফরম্যাট অনুসরণ করা হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি-তে ভিশন মিশন এর আগে কোন লেখা সংযুক্ত না থাকলেও ওয়েব সাইটে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি-তে হেডার এর ডানপাশে কর্নারে 'ওয়েবসাইটে প্রদর্শনের জন্য" এবং হালনাগাদের সময়/তারিখ লেখা হয়নি।

৩। সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন করার নির্দেশনা রয়েছে। সে মোতাবেক উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে পুনর্গঠন করা হয়েছে।

৪। 'সেবা প্রদান প্রতিশ্রুতি'-তে শুধুমাত্র সংশ্লিষ্ট দপ্তরের আওতায় প্রদত্ত নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবা সমূহ অন্তর্ভূক্ত রয়েছে।

<u>পরিবীক্ষণ কমিটির সুপারিশ/সিদ্ধান্ত:</u>

১। উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি-তে হেডার এর ডানপাশে কর্নারে 'ওয়েবসাইটে প্রদর্শনের জন্য" এবং হালনাগাদের সময়/তারিখ লেখার নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

| | | |
|---|---|---|
| (মোঃ জহিরুল ইসলাম)<br>অফিস সহকারী কাম<br>কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>ও<br>সদস্য<br>সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ<br>কমিটি | (মোঃ হাবিবুর রহমান)<br>সাঁট লিপিকার কাম কম্পিউটার<br>অপারেটর<br>ও<br>সদস্য সচিব<br>(বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা)<br>সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি | ২১/১২/২২<br>(মুহাম্মদ নাসির উদ্দীন)<br>সহকারী পরিচালক<br>ও<br>সভাপতি<br>(ফোকাল পয়েন্ট কর্মকর্তা,<br>সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ<br>কমিটি) |

ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন (২য় ত্রৈমাসিক)

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ কমিটি কর্তৃক গত ২১/১২/২০২২ খ্রিস্টাব্দে উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এবং এর আওতাধীন জেলা দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সিটিজেন'স চার্টার পরিবীক্ষণ করা হয়। এছাড়াও গত ১৫/১২/২০২২খ্রি. তারিখে আয়োজিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে মৎস্য অধিদপ্তর বরিশাল বিভাগের আওতাধীন দপ্তর (জেলা ও উপজেলা) সমন্বয়ে ২য় ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত পর্যালোচনা করা হয়। পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত/সুপারিশের আলোকে ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন (২য় ত্রৈমাসিক) নিম্নরূপ:

| ক্র. নং. | পরিবীক্ষণ কমিটির সুপারিশ/সিদ্ধান্ত গ্রহণ | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|
| ১। | আওতাধীন দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি-তে হেডার এর ডানপাশে কর্নারে 'ওয়েবসাইটে প্রদর্শনের জন্য" এবং হালনাগাদের সময়/তারিখ লেখার নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সুপারিশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আওতাধীন দপ্তরসমূহের ওয়েবসাইটে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতি-তে হেডার এর ডানপাশে কর্নারে 'ওয়েবসাইটে প্রদর্শনের জন্য" এবং হালনাগাদের সময়/তারিখ লেখা হয়েছে। | |

(মোঃ জহিরুল ইসলাম)
অফিস সহকারী কাম
কম্পিউটার মুদ্রাক্ষরিক
ও
সদস্য
সিটিজেন'স চার্টার
পরিবীক্ষণ কমিটি

(সুপর্না গাইন)
সাঁট মুদ্রাক্ষরিক কাম
কম্পিউটার অপারেটর
ও
সদস্য
সিটিজেন'স চার্টার
পরিবীক্ষণ কমিটি

(মোঃ হাবিবুর রহমান)
সাঁট লিপিকার কাম
কম্পিউটার অপারেটর
সদস্য
সিটিজেন'স চার্টার
পরিবীক্ষণ কমিটি

(মোঃ রুবেল মিঞা)
মৎস্যচাষ প্রকৌশলী
সদস্য-সচিব
ও
(বিকল্প ফোকাল পয়েন্ট
কর্মকর্তা)
সিটিজেন'স চার্টার
পরিবীক্ষণ কমিটি

(মুহাম্মদ নাসির উদ্দীন)
সহকারী পরিচালক
ও
সভাপতি
(ফোকালপয়েন্ট কর্মকর্তা)
সিটিজেন'স চার্টার
পরিবীক্ষণ কমিটি